

জুলাইয়ে শিশুস্বাস্থ্য

ইনস্টিটিউট চালু

(স্টাফ রিপোর্টার)

শিশু হাসপাতালের ব্যবস্থাপনায় আগামী পহেলা জুলাই থেকে ঢাকায় আনুষ্ঠানিকভাবে বাংলাদেশ শিশু-স্বাস্থ্য ইনস্টিটিউটের কার্য শুরু হবে। ইনস্টিটিউটের একাডেমিক কার্টিনালের চেয়ারম্যান ডঃ তোফায়েল আহমদ গতকাল এক সাংবাদিক সম্মেলনে একথা ঘোষণা করেন।

জাতীয় প্রেস ক্লাবে আয়োজিত এ সাংবাদিক সম্মেলনে ডঃ তোফায়েল আহমদ বলেন, এই ইনস্টিটিউটের প্রধান লক্ষ্য হবে, দেশের রুগ্ন শিশুদের পর্যাপ্ত সূচিকর্ম প্রদানের জন্য মেডিক্যাল স্টাফ ও শিশু বিশেষজ্ঞদের প্রয়োজনীয় প্রশিক্ষণের ব্যবস্থা করা।

ডঃ তোফায়েল আশা প্রকাশ করেন যে পহেলা জুলাই থেকে ইনস্টিটিউটের শিক্ষা কার্যক্রম (একাডেমিক সেশন) শুরু হবে। ডিন জানান, এই ইনস্টিটিউটে পেরিডিয়াটিক মেডিসিন, পেরিডিয়াটিক সার্জারী, রুরেল পেরিডিয়াটিকস, প্যাথলজী এবং রেডিওলজী বিভাগ সমূহ খোলা হয়েছে।

সাংবাদিক সম্মেলনে ডঃ তোফায়েল আহমদ জানান, দেশের মোট জনসংখ্যার অর্ধেকই হচ্ছে শিশু। অথচ দেশের মোট ১৭ হাজার হাসপাতাল শয্যার মধ্যে শিশুদের জন্য রয়েছে মাত্র ৮শ শয্যা। তাই এশিয়ার মধ্যে বাংলাদেশে শিশুদের রোগ-ব্যধি ও মৃত্যুর হার সর্বাধিক।

009